অবিলম্বে প্রকাশের জন্য: 10/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্থানীয় জরুরি খাদ্য রিলিফকে সমর্থন করতে 11 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করলেন

অনুদানের তহবিল পুরো স্টেটে 97টি ননপ্রফিট অর্গানাইজেশনের পরিচালিত খাদ্য জরুরি রিলিফ প্রোগ্রামকে সমর্থন করে

নিউ ইয়র্ক স্টেট দেশসেরা খাদ্য ডোনেশন এবং সংগ্রহ প্রোগ্রামের জন্য Feeding New York State-এর সাথে পার্টনারশিপ রিনিউ করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে অভাবী নিউ ইয়র্কবাসীদের জরুরি খাদ্য রিলিফ দেওয়া সমর্থন করতে 11 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করেছেন। প্রায় 100টি ননপ্রফিট অর্গানাইজেশনের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি Local Emergency Food Relief Equipment অনুদান দেওয়া হয়েছে, যার মধ্যে খাদ্য প্যান্ট্রি, সুপ কিচেন, এবং অন্যান্য প্রোগ্রাম আছে যা পুরো স্টেটে খাদ্য অনিরাপত্তায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য নিবেদিত আছে। এছাড়াও, 6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি Feeding New York State-এর সাথে একটি রিনিউ করা পার্টনারশিপকে এবং পুরো স্টেটের ফুড ব্যাংক ও তাদের স্থানীয় পার্টনারদের অতি গুরুত্বপূর্ণ কর্মী নিয়োগ এবং অতি প্রয়োজনীয় অপারেশনের তহবিল দেওয়ার মাধ্যমে 10টি আঞ্চলিক ফুড ব্যাংককে সমর্থন করবে। এই পদক্ষেপটি এমন সময়ে নেওয়া হচ্ছে যখন Supplemental Nutrition Assistance প্রোগ্রামের (SNAP) উপর নির্ভর করা প্রায় 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসী যাতে আগামী মাসে তাদের বেনিফিটের অ্যাক্সেস পান তা নিশ্চিত করতে Trump-এর (ট্রাম্প) অ্যাডমিনিস্ট্রেশন অস্বীকার করছে।

"Trump (ট্রাম্প) অ্যাডমিনিস্ট্রেশন ফেডারেল খাদ্য সহায়তা প্রোগ্রামগুলোয় তহবিল না দিয়ে অনাহারে রাখছে, নিউ ইয়র্ক স্টেট (New York State, NYS) তখন সরাসরি এমন স্থানীয় অর্গানাইজেশনে বিনিয়োগ করছে যারা অনেক বেশি বেড়ে যাওয়া খাবারের দাম নিয়ে হিমশিম খাওয়া নিউ ইয়র্কবাসীকে খাবার দেয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "তিন মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী খাদ্য অনিরাপত্তায় ভুগছেন, যার মধ্যে 18 বছরের কম বয়সী 750,000-এর বেশি শিশু আছেন, তাই আমরা কমিউনিটিভিত্তিক খাদ্য রিলিফ অর্গানাইজেশনে বিনিয়োগ করছি যাতে ক্ষুধার মোকাবেলা করা যায় এবং আমাদের অনেক ধরণের ক্রয়ক্ষমতার চেষ্টাকে সমর্থন করা যায়।"

1,200 মার্কিন ডলার থেকে 100,000 মার্কিন ডলার পর্যন্ত মোট 97টি Local Emergency Food Relief Equipment অনুদান অর্গানাইজেশনগুলিকে জরুরি জেনারেটর এবং ডোনেট করা খাবার ঠাণ্ডা রাখতে ও পরিবহন করতে ব্যবহার করা সরঞ্জাম কিনতে, এবং অর্গানাইজেশনগুলি অভাবী নিউ ইয়র্কবাসীদেরকে যে ধরণের খাদ্য জরুরি অবস্থার খাদ্য রিলিফ দিতে পারে তা বাড়াতে সাহায্য করবে। অপচয় হওয়া খাবার ব্যবস্থাপনা করা, অপ্রয়োজনে খাবার ফেলে দেওয়া ঠেকাতে, গ্রিনহাউজ গ্যাস এমিশন কমাতে, ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীকে খাওয়াতে এবং পুরো স্টেটের কমিউনিটিগুলির সাথে জড়িত হতে চলমান প্রতিশ্রুতির অংশ হিসেবে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) অনুদান প্রোগ্রামটির পরিচালনা করছে।

স্টেটের এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড (Environmental Protection Fund, EPF) থেকে পাওয়া তহবিল দিয়ে DEC 2018 সালে প্রোগ্রামটি প্রথম তৈরি হওয়ার পর থেকে 145টি জরুরি খাদ্য রিলিফ অর্গানাইজেশনকে বহু মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে যাতে অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য ডোনেট করা খাবার ঠাণ্ডা রাখা ও পরিবহনের জন্য ব্যবহার করা সরঞ্জাম কেনার ব্যাপারে সাহায্য করা যায়।

DEC এছাড়াও Feeding New York State-এর সাথে এবং নিউ ইয়র্ক স্টেটের Food Donation and Food Scraps Recycling Law- এর চলমান বাস্তবায়নের অংশ হিসেবে 10টি আঞ্চলিক ফুড ব্যাংকের সাথে তাদের দেশসেরা পার্টনারশিপ রিনিউ করছে। ডোনেশনের কর্মকাণ্ডকে উন্নত করতে মুদি দোকান, সুপার সেন্টার, রেস্টুরেন্ট এবং অন্যান্য খাদ্য সেবা এবং খাবারের খুচরা বিক্রির ব্যবসায় চলমান কর্মী নিয়োগকে সমর্থন করতে DEC, Feeding New York State-কে 6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দিচ্ছে। ফুড ব্যাংক এবং তাদের স্থানীয় পার্টনারদের খাদ্য উদ্ধার চেষ্টাকে এবং ফুড ব্যাংকে আরো কর্মী নিয়োগকে সমর্থন করবে এমন অতি প্রয়োজনীয় সরঞ্জাম ও সাপ্লাই কেনার জন্যও তহবিল ব্যবহার করা হবে। এছাড়াও এটি Venison Donation প্রোগ্রামকে উন্নত করবে যা উচ্চমানের ভেনিসনের বাড়তি প্রক্রিয়াজাতকরণকে সমর্থন করে। 2018 সাল থেকে EPF-এর মাধ্যমে Feeding New York State এবং 10টি আঞ্চলিক ফুড ব্যাংককে DEC 10.8 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে।

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "নিউ ইয়র্ক স্টেট খাবারের অপচয় কমাতে এবং ফেডারেল তহবিল কমানোর কারণে সোশ্যাল সেফটি নেটের চলমান ক্ষতির মুখোমুখি হওয়া কমিউনিটিগুলির খাবারের ব্যবস্থা করতে সাহায্য করতে সত্যিকারের অগ্রগতি করছে। পুরো স্টেটের জরুরি খাদ্য রিলিফ অর্গানাইজেশনকে সমর্থন করতে এবং Feeding New York State এবং আঞ্চলিক ফুড ব্যাংকগুলির সাথে দেশসেরা পার্টনারশিপ চালিয়ে যেতে গভর্নর Hochul-এর (হোকল) সর্বশেষ 11 মিলিয়ন মার্কিন ডলার ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকর, মানসম্পন্ন খাদ্য দিতে অতি গুরুত্বপূর্ণ হবে।"

Feeding New York State-এর অন্তর্বর্তীকালীন এক্সিকিউটিভ ডিরেক্টর Kathleen Stress (ক্যাথলিন স্ট্রেস) বলেন, "খাদ্য প্রোগ্রামগুলি ক্ষুধার বিরুদ্ধে লড়াই করতে অতি প্রয়োজনীয়। আমাদের ফুড ব্যাংকগুলি এবং তাদের স্থানীয় প্রোগ্রামের সাথে পার্টনারশিপ করে Feeding New York State মুদি দোকান এবং উৎপাদনকারীর মতো খাদ্য উৎপাদনকারীদের থেকে এজেন্সির

পিক-আপ বাড়াচ্ছে। 2022 সালে শুরু করার পর থেকে আমরা সফলভাবে আমাদের চ্যারিটি নেটওয়ার্কের জন্য সফলভাবে 63 মিলিয়ন পাউন্ড খাওয়ার যোগ্য খাবার উদ্ধার করেছি। গভর্নর Hochul (হোকল) এবং DEC-এর সমর্থন পেয়ে এই প্রভাবশালী কাজ চালিয়ে যেতে পেরে আমরা গর্বিত।"

প্রায় 100টি Local Emergency Food Relief Equipment অনুদান তহবিল পাওয়া প্রজেক্টের মধ্যে বিশেষ কয়েকটি হলো:

ক্যাপিটাল রিজিয়ন

- **Food Pantries for the Capital District, 100,000 মার্কিন ডলার:** খাদ্য বিতরণ করতে অর্গানাইজেশনের সক্ষমতা বাড়াতে সহায় করতে তিনটি বক্স ট্রাকের লীজকে সমর্থন করে। এই সরঞ্জাম আঞ্চলিক ফুড ব্যাংক থেকে খাবারের অর্ডারের জন্য অর্গানাইজেশনের ফুড এক্সপ্রেস পিক-আপ এবং ডেলিভারি, এবং তাদের খাদ্য শাটল ডেলিভারি প্রোগ্রামকে সরাসরি প্রভাবিত এবং উন্নত করবে।
- **Higher Horizons Development Corporation, 93,754 মার্কিন ডলার:** একটি ভ্যান/বক্স ট্রাক, ব্লাস্ট ফ্রিজার, এবং জেনারেটর কিনতে সমর্থন করবে যা Higher Horizons Food Pantry-কে তাদের দিতে পারা খাবারের পরিমাণ বাড়াতে সাহায্য করবে।
- **Sycamore Collaborative, 98,185 মার্কিন ডলার:** একটি লিফট গেট, রেফ্রিজারেটর, এবং একটি স্ট্র্যাডল স্ট্যাকারসহ একটি বক্স ট্রাক কেনা এক সমর্থন যাতে অর্গানাইজেশনের খাদ্য প্যান্ট্রির মাধ্যমে অভাবীদের দেওয়ার জন্য রাখা খাবারের পরিমাণ বাড়াতে সাহায্য করা যায়।

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- **Seven Valleys Health Coalition, 56,000 মার্কিন ডলার:** একটি পিকআপ ট্রাক, ট্রাকের জন্য বেড ট্রাক এবং তিনটি ইন্স্যুলেটেড খাবার রাখার কন্টেইনার কেনার তহবিল দেওয়া। এই সরঞ্জাম তাদের প্রোগ্রামের সেভেন ভ্যালি ফুড রেসকিউ এবং প্রোডিউস প্রেসক্রিপশনের (Seven Valleys Food Rescue and Produce Prescription) দুইটি বাড়াতে সাহায্য করবে।
- **Westcott Community Center 1,200 মার্কিন ডলার:** একটি ফ্রিজার কেনা সমর্থন করে যা সেন্টারের জন্য তাদের খাদ্য প্যান্ট্রির খাবার জমা রাখার ধারণক্ষমতা বাড়ানো সম্ভব করবে।

ফিঙ্গার লেকস

- **House Of Mercy Inc., 50,607 মার্কিন ডলার:** একটি কার্গো ভ্যান এবং ইন্স্যুলেটেড কন্টেইনার কেনা সমর্থন করবে যার ফলে তাদের জন্য তাদের জরুরি আশ্রয়কেন্দ্রে অভাবীদের বিতরণ করার খাবারের পরিমাণ বাড়ানো সম্ভব হবে।
- **Irondequoit Community Cupboard Inc., 22,960 মার্কিন ডলার:** একটি ব্যাকআপ জেনারেটর কেনার তহবিল দিবে যা তাদের রেফ্রিজারেশন সরঞ্জামকে কার্যকর রাখবে এবং কারেন্ট চলে গেলে তাদের ক্লায়েন্টদের সেবা দেওয়া চালিয়ে যেতে দিবে।

লং আইল্যান্ড

- **Sid Jacobson Jewish Community Center, 63,755 মার্কিন ডলার:** একটি ওয়াক-ইন ফ্রিজার এবং জেনারেটর কেনা ও ইনস্টল করাকে সমর্থন করবে। সরঞ্জাম নষ্ট হয়ে যায় এমন খাবার সংগ্রহ করা, জমা রাখা, এবং বিতরণ করা উন্নত করতে সাহায্য করবে।
- **People Loving People Inc., 56,800 মার্কিন ডলার:** দাতাদের থেকে তাদের খাদ্য প্যান্ট্রি পর্যন্ত খাবার নিয়ে যাওয়ার জন্য একটি ট্রাক কেনাকে সমর্থন করবে।

মিড-হাডসন

- **Second Chance Foods Inc., 100,000 মার্কিন ডলার:** একটি কার্গো ভ্যান, আউটডোর ওয়াক-ইন কুলার, আউটডোর ওয়াক-ইন ফ্রিজার, তিনটি রিচ-ইন রেফ্রিজারেটর, এবং একটি রিচ-ইসিন ফ্রিজার কেনা সমর্থন করবে। এই কেনার ফলে দান করা খাবার বিতরণ করার জন্য জমা রাখার ধারণক্ষমতা বাড়বে।
- **The Family Resource Center of Peekskill, 100,000 মার্কিন ডলার:** একটি হাইব্রিড ট্রাক, একটি কার রেফ্রিজারেটর, দুইটি কমার্শিয়াল ফ্রিজার, একটি রেফ্রিজারেটর, এবং একটি ব্যাকআপ, সোলার ব্যাটারি জেনারেটর কেনা সমর্থন করা। সরঞ্জাম তাদের Harvest Time Food Pantry প্রোগ্রামের আউটরিচ বাড়াতে সাহায্য করবে যাতে আরো মানুষকে সেবা দেওয়া যায়।
- **Port Chester Carver Center, 100,000 মার্কিন ডলার:** একটি লিফট গেট এবং জরুরি জেনারেটরসহ একটি বক্স ট্রাক কেনা সমর্থন করবে যাতে তাদের জমা রাখার ধারণক্ষমতা বাড়াতে সাহায্য করা যায় এবং তাদের জন্য তাদের রিটেইল রিকভারি (Retail Recovery) পার্টনারশিপ বাড়ানো সম্ভব হয়।

মোহক ভ্যালি

- **Feed Our Veterans, 100,000 মার্কিন ডলার:** একটি হেভি-ডিউটি যানবাহন কেনা সমর্থন করবে যা ডোনেশন পিকআপ করার পরিমাণ বাড়ানো সম্ভব করবে। তারা এছাড়াও একটি জরুরি জেনারেটর কিনবে যা তাদের জন্য কারেন্ট চলে যাওয়ার ঘটনা হলেও তাদের ফ্রিজার চালু রাখতে সম্ভব করবে।
- **Rescue Mission of Utica, 32,317 মার্কিন ডলার:** একটি ওয়াক-ইন কুলার এবং ওয়াক-ইন ফ্রিজার কেনা সমর্থন করবে যাতে তাদের খাবার জমা রাখার ধারণক্ষমতা বাড়াতে সাহায্য করা যায়।

নিউ ইয়র্ক সিটি

- **Al-Madinah School Inc, 100,000 মার্কিন ডলার:** একটি রেফ্রিজারেটেড ট্রাক, একটি কমার্শিয়াল ওয়াক-ইন কুলার এবং কমার্শিয়াল ওয়াক-ইন ফ্রিজার কেনা সমর্থন করবে। সরঞ্জাম অভাবীদের জন্য তাজা, নষ্ট হয়ে যায় এমন খবর সংগ্রহ করা, জমা রাখা, এবং বিতরণ করার ব্যাপারে তাদের জরুরি প্যান্ট্রির ক্ষমতা বাড়াবে।
- **The Connected Chef Foundation Inc., 100,000 মার্কিন ডলার:** দুইটি ইন্স্যুলেটেড ওয়াক-ইন রেফ্রিজারেটেড ইউনিট, এবং দুইটি ফ্রিজার কেনা সমর্থন করবে। সরঞ্জাম কেনা Lifeline Groceries জরুরি খাদ্য বিতরণ প্রোগ্রামকে বড় করতে সহজে করবে।

- **The Flatbush Community Fund, 100,000 মার্কিন ডলার:** একটি ওয়াক-ইন করিডোর, একটি ওয়াক-ইন ফ্রিজার, একটি ইলেকট্রিক ফর্কলিফট, দুইটি কুলার, একটি ফ্রিজার, এবং একটি জরুরি জেনারেটর কেনা সমর্থন করবে। সরঞ্জাম অভাবীদের বিতরণ করার জন্য তাদের প্যান্ট্রির খাবার সংগ্রহ ও বিতরণ করার পরিমাণ বাড়াতে সাহায্য করবে।

নর্থ কান্ট্রি

- **Essex Food Hub Inc., 81,000 মার্কিন ডলার:** একটি রেফ্রিজারেটেড ভ্যান এবং কুলার ট্রেইলার কেনা সমর্থন করবে যাতে তাদের Farm to Food Pantry প্রোগ্রামকে সমর্থন করা যায়। রেফ্রিজারেটেড ভ্যানটি আরো খাবার পরিবহন করা সম্ভব করবে এবং কুলার ট্রেইলার ডোনেট করা খাবার সংরক্ষণ করার জন্য জমা রাখার ধারণক্ষমতা বাড়াবে।
- **Joint Council for Economic Opportunity of Clinton and Franklin Counties Inc., 80,069 মার্কিন ডলার:** একটি ওয়াক-ইন কুলার, দুইটি ফ্রিজার এবং একটি বক্স ট্রাক কেনা সমর্থন করবে যাতে তাদের প্ল্যাটসবার্গ (Plattsburgh) ফুড প্যান্ট্রিতে এবং পরিবহনের ধারণক্ষমতা বাড়ানো যায়।

সাউদার্ন টিয়ার

- **Catholic Charities of Broome County, 46,496 মার্কিন ডলার:** একটি 2024 খাবার পরিবহন করার কার্গো ভ্যান এবং ইন্স্যুলেটেড খাবার ডেলিভারির খুলার ব্যাগ কিনতে সমর্থন করে যাতে খাদ্য প্যান্ট্রিতে যেতে না পারা ব্যক্তি, পরিবার, এবং গৃহহীন ব্যক্তিদের জন্য খাবার ডেলিভারি করার ক্ষমতাকে বাড়ানো যায়।
- **Corning Council for Assistance, 96,000 মার্কিন ডলার:** একটি ব্যাকআপ জেনারেটর, বাইরের ওয়াক-ইন রেফ্রিজারেটর, এবং বাইরের ওয়াক-ইন ফ্রিজার কেনাকে সমর্থন করে। নতুন এই সরঞ্জাম তাদের খাদ্য প্যান্ট্রির অপারেশনকে উন্নত করে এবং তাদের খাবার রাখার ধারণক্ষমতা বাড়িয়ে অভাবী ব্যক্তিদের দেওয়ার জন্য খাবারের পরিমাণ বাড়াবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- **Rehoboth House of Prayer Inc., 99,262 মার্কিন ডলার:** একটি রেফ্রিজারেটেড বক্স ট্রাক, ইলেকট্রিক প্যালেট হ্যাক এবং চার্জিং স্টেশন, ওয়াক-ইন ফ্রিজার, ওয়াক-ইন কুলার, এবং জরুরি জেনারেটর কেনাকে সমর্থন করে। এই সরঞ্জাম খাবার জমা রাখার এবং বিতরণ করার ধারণক্ষমতা বাড়াবে।
- **Cazenovia Recovery Systems Inc., 92,934 মার্কিন ডলার:** তাদের দুইটি অবস্থান, Sundram Manor এবং Unity House-এ দুইটি ওয়াক-ইন কুলার/ফ্রিজার ইউনিট কেনা সমর্থন করে।

অনুদানপ্রাপ্তদের একটি পূর্ণ তালিকা DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের Food Donation and Food Scraps Recycling Law

নিউ ইয়র্ক স্টেটের Food Donation and Food Scraps Recycling Law যা ল্যান্ডফিলের কারণে তৈরি হওয়া অপচয় এবং জলবায়ু পরিবর্তনকারী এমিশন কমাতে সাহায্য করে, এবং এছাড়াও পুরো দেশের কমিউনিটিগুলির খাবারের ব্যবস্থা করা সামাজিক প্রোগ্রামে বিধ্বংসী ফেডারেল তহবিল কমানোর কারণে প্রভাবিত দুর্বল নিউ ইয়র্কবাসীর প্রতি স্টেটের প্রতিশ্রুতিও তুলে ধরে।

গভর্নর হোকল সম্প্রতি ঘোষণা করেছেন যে স্টেটের সবথেকে বড় খাদ্য সম্পর্কিত ব্যবসাগুলি থেকে রেকর্ড 63 মিলিয়ন পাউন্ড খাবার সংগ্রহ করা হয়েছে যাতে ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীকে খাওয়ানো যায়। এই মাইলফলকটি হলো নতুন খাদ্যের ডোনেশন পেতে এবং আরো শক্তিশালী, আরো স্বাস্থ্যকর কমিউনিটি গড়ে তুলতে সাহায্য করার জন্য DEC-এর তহবিলের সরাসরি ফলাফল। জলবায়ু সপ্তাহ (Climate Week) এবং হাঙ্গার অ্যাকশন মাসের (Hunger Action Month) সময় আয়োজিত সর্বশেষ রেকর্ড খাদ্য ডোনেশন মাইলফলক ঘোষণা করা একটি ভিডিও দেখুন: https://youtu.be/xlt4A8CNOGE

বাড়িতে এবং ব্যবসাতে অপচয় কমাতে সকল নিউ ইয়র্কবাসী কীভাবে কম্পোস্ট এবং অন্যান্য পদক্ষেপ নিতে সাহায্য করতে পারেন তা জানার জন্য DEC-এর ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্ক স্টেট ক্রয়ক্ষমতা, ক্ষুধা, এবং খাবারের ডাইভার্সনের শীর্ষে আছে

গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্কের স্কুলের শিশুদের জন্য আরো বেশি নিউ ইয়র্কের খাবার দেওয়া চালিয়ে যাচ্ছে, যা Nourish New York প্রোগ্রাম, স্কুলের খাবারের জন্য 30 Percent NYS উদ্যোগ, Farm-to-School প্রোগ্রাম, FreshConnect Fresh2You উদ্যোগ, Food Access Expansion Grant প্রোগ্রাম, Farmers' Market Nutrition প্রোগ্রাম, Urban Farms and Community Gardens Grants প্রোগ্রাম ইত্যাদির থেকে সমর্থনের মাধ্যমে করা হচ্ছে। এই বিনিয়োগগুলো গভর্নরের সেই অঙ্গীকারের ওপর ভিত্তি করে গঠিত, যা নিউ ইয়র্কের কৃষি পণ্যের চাহিদা বৃদ্ধি করা, নিউ ইয়র্কের খাদ্য সরবরাহ চেইনকে শক্তিশালী করা এবং নিশ্চিত করা যে সকল নিউ ইয়র্কবাসী তাজা, স্থানীয় খাদ্যে পৌঁছাতে পারেন। এর মধ্যে রয়েছে গভর্নরের এক্সিকিউটিভ অর্ডার 32, যা স্টেট সংস্থাগুলোকে নির্দেশ দেয় যে তারা তাদের মোট ক্রয়ের মধ্যে পাঁচ বছরের মধ্যে নিউ ইয়র্কের কৃষক ও উৎপাদকদের কাছ থেকে প্রাপ্ত খাদ্যের শতাংশ 30 শতাংশে বৃদ্ধি করবে। গভর্নর এছাড়াও New York State Grown & Certified Infrastructure, Technology, Research and Development Grant প্রোগ্রামের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন যাতে খাদ্য উৎপাদনকারী, প্রক্রিয়াজাতকারী, বিতরণকারী, এবং নিউ ইয়র্কের উপকরণ ব্যবহার করা অন্যদেরকে নতুন ধরণের NYS গ্রোন অ্যান্ড সার্টিফাইড পণ্য বাজারে আনতে সাহায্য করা যায় এবং নিউ ইয়র্কের স্কুলগুলিতে নিউ ইয়র্কের আরো খাবার আনতে নিউ ইয়র্কের Regional School Food Infrastructure Grant প্রোগ্রামের রাউন্ড 3-এর মাধ্যমে সম্প্রতি 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন।

গভর্নর Hochul (হোকল) জুন মাসে আরো ঘোষণা করেছেন যে রেজিলেন্ট ফুড সিস্টেম ইন্সফ্রাস্টাকচার গ্রান্ট প্রোগ্রামের মাধ্যমে স্টেটব্যাপী 19টি প্রকল্পের জন্য 13.7 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করা হবে, যা সরবরাহ চেইনের মধ্যবর্তী পর্যায়ে কাজ করা কৃষক এবং খাদ্য ব্যবসায়ীদের মূলধন এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে, খাদ্য ব্যবস্থার সমন্বয় বাড়াতে এবং কৃষকদের বাজারে প্রবেশের সুযোগ উন্নত করতে সহায়তা করবে। এই বিনিয়োগ আমাদের

স্টেটের খাদ্য উৎপাদক এবং খুচরা ব্যবসায়িক কার্যক্রমের মধ্যে সংযোগ স্থাপন করতে সহায়তা করবে।

এছাড়াও, সেপ্টেম্বর মাসে গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেন যে নিউ ইয়র্কবাসীর পকেটে অর্থ ফেরত দিতে তার চলমান প্রতিশ্রুতির অংশ হিসেবে পুরো স্টেটের 8.2 মিলিয়ন গৃহস্থালিতে 400 মার্কিন ডলার পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের সর্বপ্রথম ইনফ্লেশন রিফান্ড চেক পাঠানো হচ্ছে। এর আগে এই বছর গভর্নর এছাড়াও মধ্যবিত্তদের ট্যাক্স গত 70 বছরের মধ্যে সবচেয়ে কম করার উদ্যোগ নিশ্চিত এবং কার্যকর করেছেন, নিউ ইয়র্কের চাইল্ড ট্যাক্স ক্রেডিট (Child Tax Credit) সবথেকে ছোট শিশুর জন্য 1,000 মার্কিন ডলার পর্যন্ত বাড়িয়েছেন, এবং পরিবারের জন্য প্রতি শিশুর জন্য 1,600 মার্কিন ডলারের মতো সাশ্রয় করতে ইউনিভার্সাল ফ্রি স্কুল মিল নিশ্চিত করেছেন। গভর্নর Hochul (হোকল) এছাড়াও ঘোষণা করেছেন যে 2025 সালের Summer Electronic Benefits Transfer (Summer EBT) প্রোগ্রামের অংশ হিসেবে কম আয়ের 1.6 মিলিয়ন শিশু গ্রীষ্মকালের খাদ্য সহায়তা পেয়েছে যার মোট পরিমাণ 194 মিলিয়ন মার্কিন ডলার। এই প্রোগ্রামটি গ্রীষ্মকালের মাসগুলিতে যখন শিশুরা বিনামূল্যে স্কুলের খাবার পায় না, তখন যোগ্য পরিবারকে স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা করতে সাহায্য করার জন্য শিশু প্রতি 120 মার্কিন ডলার দেয়।

স্টেট সিনেটর Roxanne J. Persaud (রোক্স্যান জে. পারসাউড) বলেন, "পুষ্টিকর খাবারের অ্যাক্সেস মৌলিক মানবাধিকার, কোনো বিশেষ অধিকার না। আমাদের কমিউনিটিতে ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ের সামনের সারিতে থাকা খাদ্য প্যান্ট্রি, সুপ কিচেন, এবং ফুড ব্যাংককে সমর্থন করার জন্য অতি গুরুত্বপূর্ণ তহবিল দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। ফেডারেল অনিশ্চয়তা যখন বহু মিলিয়ন মানুষের জন্য SNAP বেনিফিটকে ঝুঁকিগ্রস্ত করছে, তখন কোনো পরিবার যাতে ক্ষুধার্ত না থাকে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক আরেকবার এগিয়ে আসছে।   এই বিনিয়োগগুলি শুধু আমাদের জরুরি খাবারের নেটওয়ার্ককে জোরদার করে না, বরং এছাড়াও প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য সহানুভূতি এবং মর্যাদার ক্ষেত্রে আমাদের এক প্রতিশ্রুতিকে জোরদার করে।"

স্টেটের সিনেটর Pete Harckham (পিট হারখ্যাম) বলেন, "খাদ্য অনিরাপত্তা আমাদের কমিউনিটিকে আক্রান্ত করে চলেছে, তাই নিউ ইয়র্ককে ক্ষুধার বিরুদ্ধে লড়াই করতে সম্ভব সব কিছু অবশ্যই করতে হবে। Local Emergency Food Relief Equipment এবং Feeding New York-এর জন্য নতুন এই বিনিয়োগগুলি পুরো স্টেটের ফুড ব্যাংকগুলিকে আমাদের বাসিন্দাদের জন্য তাদের অতি প্রয়োজনীয় সেবা চালিয়ে যেতে প্রয়োজনীয় রিসোর্স জোগাড় করতে সাহায্য করবে। আমি গভর্নর Hochul (হোকল) এবং স্টেট আইনসভায় আমার সহকর্মীদের প্রশংসা করছি কারণ তারা এই চলমান খাদ্য সঙ্কটে অপুষ্টির সমাধানের প্রয়োজনে মনোযোগ ধরে রাখছেন।"

অ্যাসেম্বলির সদস্য Andrew Hevesi (অ্যান্ড্রু হিভেসি) বলেন, "রিপাবলিকান পার্টির নিয়ন্ত্রণে আমাদের ফেডারেল সরকার 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য SNAP বেনিফিট কেটে নেওয়ার সিদ্ধান্ত দিয়েছে। একই মুহূর্তে আমি প্রতি বছর নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড বাড়ানোর জন্য লড়াই করার জন্য গভর্নর Hochul (হোকল), স্পিকার Heastie (হিস্টি), অ্যাসেম্বলির এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটির চেয়ার Deborah Glick

(ডেবোরাহ গ্লিক) এবং আমার সকল সহকর্মীদের প্রতি আমার কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। প্রতি বছরের সেই লড়াই আজকে অভাবী নিউ ইয়র্কবাসীদের কাজে লাগছে যেহেতু এই ঘোষণা দেওয়া হয়েছে যে প্রায় 100টি ননপ্রফিট খাদ্য প্যান্ট্রি এবং সুপ কিচেন এবং সেই সাথে emergency food relief equipment অনুদানের জন্য EPF জরুরি খাদ্য রিলিফ তহবিল দিবে।"

ব্রুকলিন (Brooklyn) বরোর প্রেসিডেন্ট Antonio Reynoso (অ্যান্টনিও রেয়োনোসো) বলেন, "Trump (ট্রাম্প) যখন তার লোভ এবং অহংকারকে গুরুত্ব দিচ্ছেন, নিউ ইয়র্ক তখন আমাদের স্টেটের খাবারের ব্যবস্থা করতে এগিয়ে আসছে। Trump (ট্রাম্প) যখন আমাদের হেলথ কেয়ার এবং SNAP বেনিফিটকে তার লম্বা সময়ের সরকারে শাটডাউন দিয়ে ঝুঁকিগ্রস্ত করছেন, নিউ ইয়র্ক তখন হাত গুটিয়ে বসে থাকবে না। অনাহারে রাখার এই কৌশলের বিরুদ্ধে নিউ ইয়র্ক যাতে লড়াই করতে পারে তা নিশ্চিত করার জন্য Al-Madinah School Inc. এবং Flatbush Community Fund-কে তার জরুরি তহবিলে যোগ করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি অনেক বেশি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক সিটির কাউন্সিল (New York City Council) সদস্য Shahana Hanif (শাহানা হানিফ) বলেন, "কর্মজীবী নিউ ইয়র্কবাসীর উপর হোয়াইট হাউজের এই আক্রমণের মুখোমুখি হয়ে গভর্নর Hochul (হোকল) খাদ্য অনিরাপত্তার সমাধান করার চেষ্টা বাড়িয়ে দিচ্ছেন। তিনি যে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করছেন আমি তার প্রশংসা করছি, এর মধ্যে আমার ডিসট্রিক্টের Al-Madinah School স্কুলকে একটি রেফ্রিজারেটেড ট্রাক দিয়ে সমর্থন করা আছে যা তাদের জরুরি প্যান্ট্রির অপারেশন অনেক বেশি উন্নত করবে।"

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন